

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
১৩নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী  
মৎস্য ভবন (১০ম তলা), রমনা, ঢাকা।

নথি নং-এবিব্য/সপ-২/এনজিও (বিবিধ)/২১/২০১০-১১২

তারিখ : ১৮ এপ্রিল, ২০১০ খ্রিঃ


**বিষয় : পরিবীক্ষণের নিমিত্ত অগ্রগতি প্রতিবেদনের খসড়া ও প্রস্তাবিত পরিবীক্ষণ ব্যবস্থার উপর মতামত প্রদান।**

যে কোন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য সুষ্ঠু ব্যবস্থাপনা এবং সময় সময় পরিবীক্ষণ করা আবশ্যিক। সরকারের পক্ষে বাস্তবায়ন পরিবীক্ষণের জন্য বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় তাদের অধীনস্থ দপ্তরের মাধ্যমে করার উল্লেখ ২০০১ সালের পরিপত্রের থাকলেও এ পরিবীক্ষণ মোটেই নাই বলে অভিযোগ হয়না। এনজিও সেক্টরে যে চ্যালেঞ্জ করেছে এবং নানা প্রকার সমালোচনা হচ্ছে তা বহুলাংশে লাঘব হবে যদি একটি সহজ ও অর্থপূর্ণ পরিবীক্ষণ ব্যবস্থা থাকে। পরিবীক্ষণের সুবিধার্থে এফডি-৬ পরিবর্তনের প্রস্তাব করা হয়েছে। একই সাথে এনজিও কর্তৃক এনজিও বিষয়ক ব্যুরোতে, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট যথাক্রমে ত্রৈমাসিক, দ্বিমাসিক ও মাসিক প্রতিবেদন দাখিলের নিমিত্ত অগ্রগতি প্রতিবেদন ফরম develop করা হয়েছে (সংযুক্তি ক, খ, গ)। এসকল পরিবর্তন এবং পদ্ধতি চালু করার সুপারিশ ৬টি বিভাগে বিভাগীয় মত বিনিময় সভায় পাওয়া গেছে। এসকল সুপারিশ ও পার্শ্ববর্তী ২/১টি দেশের অভিজ্ঞতার ভিত্তিতে যে পরিবীক্ষণ ব্যবস্থা প্রস্তাব করা হচ্ছে তা একটি চার্ট-এ দেখানো হল (সংযুক্তি- ঘ)।

সহজ, দ্রুত ও অর্থপূর্ণ পরিবীক্ষণের লক্ষ্যে সংযুক্ত ফরমসমূহের উপর সুচিন্তিত মতামত ও সংশোধনী প্রস্তাব আগামী ১৫ (পনের) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিত আকারে বা electronic form এ জানাতে বিনীত অনুরোধ করা হল।

সংযুক্তি :

- Quarterly.doc.
- Bi-monthly.doc.
- Monthly.doc.
- R\_M\_Mechanism.doc



ড. খুরশীদ আলম

সহকারী পরিচালক

ফোন- ৯৫৬২৭৪৩-৫

Email: adl@ngoab.gov.bd

info@ngoab.gov.bd

বিতরণ :

- ০১। নির্বাহী পরিচালক, ..... , এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত তালিকা মোতাবেক ২০০টি এনজিও (ইমেইলের মাধ্যমে)।
- ০২। জেলা প্রশাসক..... (সকল) ই-মেইলের মাধ্যমে।
- ০৩। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো, (অত্র অফিস স্মারকটি এনজিও বিষয়ক ব্যুরোর ওয়েবসাইটে আপডেট করার জন্য অনুরোধ করা হলো)
- ০৪। অফিস কপি।